



২০১২ অলিম্পিক এবং প্যারালিম্পিক গেমস

ব্যাপকভাবে মনে করা হয় যে লন্ডন ২০১২ অলিম্পিক ও প্যারালিম্পিক গেমস অনুষ্ঠান আয়োজনের জন্য প্রতিদ্বন্দিতায় সাফল্য অর্জিত হয়েছিল প্রধানত গেমস-এর পরে প্রদেয় প্রতিশ্রুত পরবর্তী সুবিধাসমূহের কারণে। সাউদার্ন হাউজিং গ্রুপ-এর গৃহায়ন প্রকল্পগুলো নিবিড়ভাবে পাঁচটি স্বাগতিক বারা- হ্যাকনি, নিউহ্যাম, টাওয়ার হ্যামলেটস, গ্রীনিচ এবং ওয়ালথাম ফরেস্ট-এ অবস্থিত, আর তাই আমাদেরও স্বার্থ হলো ২০১২ অলিম্পিক গেমস আয়োজনের সুবিধাগুলো যেন সাউদার্ন হাউজিং গ্রুপ-এর বাসিন্দাগণ উপভোগ করেন তা নিশ্চিত করতে সহায়তা করা, বিশেষতঃ এ সকল ক্ষেত্রে:

- চাকুরি ও প্রশিক্ষণ
- স্বৈচ্ছান্তিক সেবা
- স্বাস্থ্য, ক্রীড়া এবং সুস্থতা
- সাংস্কৃতিক
- প্রতিবন্ধিক্ত (ডিজিবিলাটি) এবং বিশেষ প্রয়োজন

ফাউন্ডেশন স্পোর্টস ফান্ড

ক্রীড়া স্পষ্টতই অলিম্পিক্স-এর একটি মৌলিক বিষয়, এবং সাউদার্ন হাউজিং গ্রুপ-এর বাসিন্দাদের ক্রীড়া কর্মকাণ্ডে সহায়তার জন্য ২০০৮ সালে আমরা **ফাউন্ডেশন স্পোর্টস ফান্ড** গঠন করি। **আমাদের সকল অনুদানমূলক কার্যক্রম সম্পর্কে আরো জানুন।**

ফাউন্ডেশন স্পোর্টস ফান্ড হতে পুরস্কার প্রদানের তিনটি উদাহরণ হল:

- হোভ-এর একজন মহিলা অসুস্থতাজনিত ভগ্নস্বাস্থ্য পুনরুদ্ধারের জন্য ইয়োগাহেইভেন নামক শরীরচর্চা কেন্দ্রের সদস্যপদ গ্রহণের ব্যয় মেটাতে অনুদান সাহায্য লাভ করেন
- নর্থ লন্ডন-এর একজন নারী সাঁতারের পাঠ নেওয়া ও শেখার জন্য অনুদান লাভ করেন
- কেন্ট-এর এক যুবকের জন্য কারাতে পাঠ শিক্ষা
- সাসেক্স-এ একজন যৌথ মালিকের জন্য প্রশিক্ষণ খরচসহ আর্থিক সহায়তা, যিনি ইংল্যান্ড উইমেক্স ডেফ টিম-এর পক্ষে ফুটবল খেলেন এবং আগামী বছর তাইওয়ানে অনুষ্ঠিতব্য ডেফলিম্পিক্স-এ ইংল্যান্ডের প্রতিনিধিত্ব করার যার কথা রয়েছে